

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-১
www.shed.gov.bd

নম্বর-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০৫.২১.২৭৬

তারিখ: ২০ জুলাই ১৪২৯ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: কামাল হোসেন, সহকারী শিক্ষক, ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়- এর বিরুদ্ধে অষ্টম শ্রেণির ছাত্র (প্রভাতি, ক-শাখা, রোল নং-০৪) সাদমান সান্টিফ (শরণ)- কে লোহার পাইপ দিয়ে পেটানোর অভিযোগে গত ১৪.০৭.২০২১ খ্রি. তারিখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর উপবিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযোগ গঠন করা হয়; এবং

যেহেতু, তিনি উক্ত অভিযোগের লিখিত জবাব দাখিল করেছেন এবং ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হয়ে মৌখিক বক্তব্য পেশ করেছেন; এবং

যেহেতু, তদন্তে অভিযোগের যথার্থতা প্রতীয়মান হয়নি;

সেহেতু, জনাব মো: কামাল হোসেন, সহকারী শিক্ষক, ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়-কে তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মো: আবু বকর সিদ্দিক)
সচিব

নম্বর-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০৫.২১.২৭৬

তারিখ: ২০ জুলাই ১৪২৯ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ।)
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ।)